ফাতওয়া নাম্বার:৪৮৮ প্রকাশকালঃ২৬-০৮-২০২৪ ইং

বিদআতি ইমামের পিছনে নামাযের বিধান

প্রশ্ন:

বর্তমানে আমি যেখানে বাসা নিয়েছি তার কাছাকাছি একটি মসজিদ আছে এবং আনুমানিক দুই কিলোমিটার দূরে আরেকটি মসজিদ আছে। দূরবর্তী মসজিদের ইমাম সাহেব ভালো আলেম। কিন্তু কাছের মসজিদের ইমাম সাহেব বিদআতি।

দূরের মসজিদটিতে সব সময় যাওয়া সম্ভব হয় না। তাছাড়া কাছের মসজিদে নামায না পড়লে লোকজনের চোখে পড়ে যেতে পারি। যা আমার নিরাপত্তার দিক বিবেচনায় ঠিক হবে না।

কাছের মসজিদের ইমাম সাহেব মীলাদ তো পড়েনই, এছাড়া প্রত্যেক নামাযের পর দরুদের নামে কী সব আজেবাজে কবিতা পড়েন। ওগুলোতে শিরকি কথাবার্তা আছে কি না সন্দেহ হয়। একদিন তাঁকে একটি কবিতায় এ কথাটি বলতে শুনি, 'নবী মোর হাজির নাজির' (নাউযুবিল্লাহ)

এখন আমার জানার বিষয় হলো, এ ইমামের পেছনে আমার ইকতিদা সহীহ হবে কি না? সহীহ না হলে আমি কী করতে পারি? বাসায়ই নামায পড়ে নেবো? না, বাসা পরিবর্তন করে অন্য দিকে চলে যাবো?

-আবদুল হাদী

উত্তর:

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا و مسلما، أما بعد!

ওয়ালাইকুমুস সালাম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহ!

ভারত উপমহাদেশের বেরেলভী বিদআতিরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে হাজির নাজির, মুখতারে কুল কিংবা আলিমুল গায়েব হওয়ার যে আকীদা পোষণ করে এবং এ আকীদাগুলোর যে ব্যাখ্যা তারা প্রদান করে, তা আল্লাহ রাব্বুল আলামীনের সিফাত থেকে কিছুটা ভিন্ন। এ আকীদা যদিও আহলুস সুন্নাহ ওয়াল জামাআহ' র আকীদা নয়, কিন্তু এ কারণে আহলুস সুন্নাহ ওয়ালা জামাআহ' র উলামায়ে কেরাম তাদের তাকফীর করেন না বা কাফের মনে করেন না। বরং তাদেরকে বিদআতি মুসলিম মনে করেন।

এরকম বিদআতি ইমামের পেছনে নামায সহীহ হয়ে যায়। তবে সহীহ আকীদার ইমামের পেছনে পড়ার সুযোগ থাকলে বিদআতি ইমামের পেছনে পড়া ঠিক নয়। অবশ্য মসজিদ বেশি দূরে হওয়া বা নিরাপত্তাজনিত কারণে সহীহ ইমামের পেছনে নিয়মিত পড়া সম্ভব না হলে, যখন সম্ভব পড়বেন, অন্যান্য সময় বিদআতি ইমামের পেছনেই পড়ে নিবেন। ঘরে একাকী নামায পড়ার চেয়ে বিদআতি ইমামের পেছনে জামাতের সাথে পড়া ভালো। এতে জামাতে নামায পড়ার দায়িত্বও আদায় হবে, জামাতের সাথে পড়ার সাওয়াবও পাওয়া যাবে। অবশ্য সহীহ আকীদার ইমামের পেছনে পড়লে যে সাওয়াব পাওয়া যেতো সে রকম পাওয়া যাবে না। -আলবাহরুর রায়িক (যাকারিয়া): ১/৬১০-৬১১, রদ্দুল মুহতার (দারুল ফিকর): ১/৫৫২, ইমদাদুল ফাতাওয়া (জাদিদ): ২/১৬৩, ফাতাওয়া দারুল উলূম করাচি: ২/১৭০

উল্লেখ্য, দীর্ঘ সময় বিদআতি ইমামের পেছনে নামায পড়তে থাকলে এক সময় তাদের দ্বারা আপনি প্রভাবিত হয়ে পড়তে পারেন। তাছাড়া বিদআতি ইমামের পিছনে নামায পড়ার মতো অপছন্দনীয় কাজটি আপনাকে নিয়মিত করতে হচ্ছে এবং সহীহ আকীদার ইমামের পেছনে

নামায পড়ার ফযীলত থেকেও বঞ্চিত হচ্ছেন। তাই সুযোগ থাকলে বাসা পরিবর্তন করে নেয়াই আপনার জন্য উত্তম হবে।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০১-০১-১৪৪৫ হি.

০৮-০৭-২০২৪ ঈ.